প্রথম আলো
তারিখ 17 JAN 2007
পৃষ্ঠা ২৪ কলাম ৪

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১৪

# গণ বিজ্ঞপ্তি

নং শিম/শাঃ ১৪/৮ বেঃ বি-১০/২০০৩/০৬ তারিখ : ০৭/০১/২০০৭ খ্রি:

**বিষয় : বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ এবং সংশোধিত আইন, ১৯৯৮ এর বিধান ও নীতিমালা ভঙ্গ এবং শিক্ষার মান বজায় রাখার ব্যর্থতার জন্য ৫টি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সাময়িক সনদপত্র বাতিল।**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শিক্ষা মন্ত্রণালয়ের ৭ কার্তিক, ১৪১৩ বঙ্গাব্দ/২২ অক্টোবর, ২০০৬ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ এবং সংশোধিত আইন, ১৯৯৮ এর অধীনে আরোপিত শর্ত ভঙ্গসহ শিক্ষার মান বজায় রাখার ব্যর্থতার অভিযোগ প্রমাণিত হওয়ায় বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৩৪ নং আইন) এর ১৬ (১) ধারাবলে এস. আর. ও নং-২৭৫, ২৭৬, ২৭৭, ২৭৮ এবং ২৭৯-আইন/শিম/শাঃ ১৪/৮ বেঃ বি-১০/২০০৩ মোতাবেক নিম্নোক্ত ৫টি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের স্থাপন ও পরিচালনার জন্য সাময়িক সনদপত্র বাতিল করা হয়েছে :

(১) কুমিল্লা বিশ্ববিদ্যালয় (দি ইউনিভার্সিটি অব কুমিল্লা);
(২) কুইন্স ইউনিভার্সিটি, ঢাকা;
(৩) সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি, ঢাকা;
(৪) আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি, ঢাকা;
(৫) পুন্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, বগুড়া।

২। উল্লিখিত ৫টি বেসরকারী বিশ্ববিদ্যালয় বাতিল সংক্রান্ত প্রজ্ঞাপন ২২ অক্টোবর, ২০০৬ বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে।

৩। উল্লেখ্য যে, বাতিলকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম যাতে ব্যাহত না হয় সে জন্য তাদেরকে স্ব-স্ব ক্রেডিটসহ দেশের অন্যান্য অনুমোদিত বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহে ভর্তির সুযোগ প্রদানের জন্য সকল বেসরকারী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো। এ বিষয়ে কোনো জটিলতার উদ্ভব হলে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে-বাংলানগর, ঢাকা-১২০৭, এ ঠিকানায় যোগাযোগ করার জন্যও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

**কর্তৃপক্ষের আদেশক্রমে**
হাফিজ আহমেদ
সহকারী সচিব
ফোন : ৭১৬১১৭৬

ডিএফপি-৫০-৮/১/০৭
জিব-৬২/০৭ (৫ x২)